



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২০

প্রেসবিজ্ঞপ্তি

আজ ১৬ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ বিকাল ৩ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হ্যাডবল মাঠে মাহা স্পোর্টস সাস্ট চ্যাম্পিয়নস লীগ সিজন-৭ শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সুস্থ ও সুন্দর ভাবে বেঁচে থাকার জন্য খেলাধুলার বিকল্প নেই। বিশ্ববিদ্যালয় প্রশাসন তাই খেলাধুলা ও সৃজনশীল কর্মকাণ্ডকে উৎসাহিত করে থাকে। তবে খেয়াল রাখতে হবে খেলাকে কেন্দ্র করে যাতে বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি না হয়।

বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, সহকারী প্রক্টর মো. আলমগীর কবীর, সহকারী প্রক্টর মোহাম্মদ সামিউল ইসলাম, স্পোর্টস সাস্টের উপদেষ্টা সহকারী অধ্যাপক মোহাম্মদ আফজাল হোসেন, মাহার সভাপ্রধান মাহী উদ্দিন সেলিম, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের খেলোয়ার জাহিদ হাসান এমেলি।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার